গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
( শিক্ষা ও কল্যাণ শাখা )
www.khagrachhari.gov.bd

**২০১৯ সালে অনুষ্ঠিতব্য এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা পরিচালনা সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :**

সভাপতি : **মো: শহিদুল ইসলাম**
জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময় : **১৩ জানুয়ারি** ২০১৯ বেলা ১২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের তালিকা পরিশিষ্ট " ক "।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর তিনি পরীক্ষা সংক্রান্ত আইন ও নীতিমালার আলোকে সুষ্ঠু,শান্তিপূর্ণ ও নকলমুক্ত পরিবেশে আগামী ০২/০২/২০১৯ খ্রি. থেকে অনুষ্ঠিতব্য এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কেন্দ্র সচিব ও অন্যান্য সকলের প্রতি আহবান জানান।

জেলা প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) বিগত বছরে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। অত:পর তিনি ২০১৯ সনে অনুষ্ঠিতব্য পরীক্ষায় বিভিন্ন পরীক্ষা কেন্দ্র হতে সংগৃহীত তথ্যের আলোকে জানান যে এ জেলার বিভিন্ন কেন্দ্রের এসএসসি, দাখিল ও এসএসসি(ভোকেশনাল)পরীক্ষার্থীদের সংখ্যা নিম্নরূপ :

| ক্রম: | উপজেলা | প্রতিষ্ঠানের নাম | পরীক্ষার্থীর সংখ্যা | পরীক্ষা কেন্দ্র |
|---|---|---|---|---|
| | | **এসএসসি পরীক্ষা** | | |
| ১ | খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয় | ৫৯৪ জন | খাগড়াছড়ি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় |
| ২ | | খাগড়াছড়ি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | ৪৬৪ জন | খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয় |
| ৩ | | মুনিগ্রাম উচ্চ বিদ্যালয় | ৩২১ জন | মুনিগ্রাম উচ্চ বিদ্যালয় |
| ৪ | | ঠাকুর ছড়া উচ্চ বিদ্যালয় | ১৯৬ জন | ঠাকুরছড়া উচ্চ বিদ্যালয় |
| ৫ | পানছড়ি | পানছড়ি উচ্চ বিদ্যালয় | ৩৯১ জন | পানছড়ি উচ্চ বিদ্যালয় |
| ৬ | | পানছড়ি বাজার উচ্চ বিদ্যালয় | ২২০ জন | পানছড়ি বাজার উচ্চ বিদ্যালয় |
| ৭ | | পুজগাংমুখ উচ্চ বিদ্যালয় | ২৬৯ জন | পুজগাংমুখ উচ্চ বিদ্যালয় |
| ৮ | দীঘিনালা | দীঘিনালা সরকারি উচ্চ বিদ্যালয় | ৭৫৬ জন | দীঘিনালা সরকারি উচ্চ বিদ্যালয় |
| ৯ | | ছোট মেরুং উচ্চ বিদ্যালয় | ৭৫৮ জন | ছোট মেরুং উচ্চ বিদ্যালয় |
| ১০ | | বাবুছড়া উচ্চ বিদ্যালয় | ৬৫০ জন | বাবুছড়া উচ্চ বিদ্যালয় |
| ১১ | মহালছড়ি | মহালছড়ি পাইলট উচ্চ বিদ্যালয় | ৫৩৯ জন | মহালছড়ি পাইলট উচ্চ বিদ্যালয় |
| ১২ | | মাইসছড়ি উচ্চ বিদ্যালয় | ৫৯৫ জন | মাইসছড়ি উচ্চ বিদ্যালয় |
| ১৩ | মাটিরাঙ্গা | মাটিরাঙ্গা পাইলট উচ্চ বিদ্যালয় | ৩০৭ জন | মাটিরাঙ্গা পাইলট উচ্চ বিদ্যালয় |
| ১৪ | | মাটিরাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয় | ৪২০ জন | মাটিরাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয় |
| ১৫ | | তবলছড়ি কদমতলী উচ্চ বিদ্যালয় | ৬৫১ জন | তবলছড়ি কদমতলী উচ্চ বিদ্যালয় |
| ১৬ | | গোমতি বিকে উচ্চ বিদ্যালয় | ২৪১ জন | গোমতি বিকে উচ্চ বিদ্যালয় |
| ১৭ | | শান্তিপুর উচ্চ বিদ্যালয় | ১৫৪ জন | শান্তিপুর উচ্চ বিদ্যালয় |
| ১৮ | গুইমারা | গুইমারা উচ্চ বিদ্যালয় | ৮৩৪ জন | গুইমারা উচ্চ বিদ্যালয় |
| ১৯ | রামগড় | রামগড় সরকারি উচ্চ বিদ্যালয় | ৪৪০ জন | রামগড় সরকারি উচ্চ বিদ্যালয় |
| | মানিকছড়ি | রানী নিহার দেবী সরকারি উচ্চ বিদ্যালয় | ১৩৩১ জন | রানী নিহার দেবী সরকারি উচ্চ বিদ্যালয় |
| | লক্ষ্মীছড়ি | লক্ষ্মীছড়ি পাইলট উচ্চ বিদ্যালয় | ৩৫২ জন | লক্ষ্মীছড়ি পাইলট উচ্চ বিদ্যালয় |
| | | মোট= | ১০৪৮৩জন | |
| | | **দাখিল পরীক্ষা** | | |
| ১ | সদর | খাগড়াছড়ি ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসা | ৮০ জন | খাগড়াছড়ি ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসা |
| ২ | মাটিরাঙ্গা | মাটিরাঙ্গা ইসলামিয়া দাখিল মাদ্রাসা | ৩৩ জন | মাটিরাঙ্গা ইসলামিয়া দাখিল মাদ্রাসা |
| ৩ | | তবলছড়ি ইসলামিয়া আলিম মাদ্রাসা | ১৩৬ জন | তবলছড়ি ইসলামিয়া আলিম মাদ্রাসা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | গুইমারা | গুইমারা ইসলামিয়া দাখিল মাদ্রাসা | ৪৭ জন | গুইমারা ইসলামিয়া দাখিল মাদ্রাসা |
| ৫ | রামগড় | রামগড় গণিয়াতুল উলুম আলিম মাদ্রাসা | ৬৬ জন | রামগড় গণিয়াতুল উলুম আলিম মাদ্রাসা |
| ৬ | পানছড়ি | পানছড়ি ইসলামিয়া আলিম মাদ্রাসা | ৯২ জন | পানছড়ি ইসলামিয়া আলিম মাদ্রাসা |
| ৭ | দীঘিনালা | ছোট মেরুং আশ্রাফিয়া দাখিল মাদ্রাসা | ৪৭ জন | ছোট মেরুং আশ্রাফিয়া দাখিল মাদ্রাসা |
| ৮ | মানিকছড়ি | দক্ষিণ চেংগুছড়া নেছারিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা | ৯০ জন | দক্ষিণ চেংগুছড়া নেছারিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা |
| | | মোট = | ৫৯১ জন | |
| | | এসএসসি ( ভোকেশনাল ) | | |
| ১ | খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ | ৪০০ জন | খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ<br>ভেন্যু- খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয় |
| ২ | | টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট | ৮১ জন | টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট<br>ভেন্যু- খাগড়াছড়ি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় |
| ৩ | | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | ২১১ জন | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র<br>ভেন্যু- খাগড়াছড়ি ইসলামিয়া সিনি:আলিম মাদ্রাসা |
| ৪ | পানছড়ি | পানছড়ি উচ্চ বিদ্যালয় | ৭৩ জন | পানছড়ি উচ্চ বিদ্যালয় |
| ৫ | মাটিরাঙ্গা | মাটিরাঙ্গা পাইলট উচ্চ বিদ্যালয় | ৫৮ জন | মাটিরাঙ্গা পাইলট উচ্চ বিদ্যালয় |
| ৬ | মহালছড়ি | মহালছড়ি পাইলট উচ্চ বিদ্যালয় | ৫০ জন | মহালছড়ি পাইলট উচ্চ বিদ্যালয় |
| | | মোট = | ৮৭৩ জন | |

পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও পরীক্ষার্থীদের উপযোগী পরিবেশে সম্পন্ন করার লক্ষ্যে পরীক্ষা সংক্রান্ত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে সম্পূর্ণ পরীক্ষাবান্ধব পরিবেশে সুষ্ঠুভাবে ও সুচারুরূপে সম্পন্ন করার বিষয়ে সভাপতি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং সম্মানিত সকল সদস্যের সুচিন্তিত মতামত আহ্বান করেন। সভায় উপস্থিত সকল সদস্য স্বত:স্ফুর্তভাবে আলোচনায় অংশ নিয়ে সুষ্ঠু,সুন্দরভাবে পরীক্ষা সম্পাদনের লক্ষ্যে তাদের মতামত ও পরামর্শ ব্যক্ত করেন। পরিশেষে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

**সিদ্ধান্ত ০১ : কেন্দ্র নির্বাচন, কক্ষ পরিদর্শক নিয়োগ :**

১.১. চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। কোন কেন্দ্রে নকল প্রবণতা দেখা দিলে এ বিষয়ে সরকারি নির্দেশনার আলোকে কার্যক্রম নেয়া হবে।

১.২. পরীক্ষা কেন্দ্রে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক প্রতি ২০ জন পরীক্ষার্থীর জন্য একজন কক্ষ পরিদর্শক নিয়োগ করা হবে এবং পরিদর্শক অবশ্যই ভিন্ন প্রতিষ্ঠানের হবেন। নির্ধারিত বিষয়ের পরীক্ষার দিন ঐ বিষয়ের কোন শিক্ষক পরীক্ষার হলে কক্ষ পরিদর্শকের দায়িত্ব পালন করতে পারবেন না এবং পোষ্য/সন্তান বা আত্মীয় পরীক্ষার্থী হলে সংশ্লিষ্ট শিক্ষককে পরীক্ষার হলের দায়িত্ব পালন করতে দেয়া যাবে না।

১.৩. কক্ষ পরিদর্শক, সংরক্ষিত কক্ষ পরিদর্শক এবং পরীক্ষার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কেউ পরীক্ষা চলাকালীন কেন্দ্রে অবস্থান/প্রবেশ করতে পারবে না। পরীক্ষা সংশ্লিষ্ট কেন্দ্রে দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রত্যেকের (আইন-শৃংখলা বাহিনী ব্যতীত) বেলায় বাধ্যতামূলকভাবে পরিচয়পত্র রাখতে হবে।

১.৪. কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেউ কেন্দ্রের ভেতরে মোবাইল ফোন নিয়ে যেতে পারবে না এবং কেন্দ্র সচিব স্মার্ট ফোন সঙ্গে রাখতে পারবেন না।

১.৫. কোন পরীক্ষার্থী কোন বইপত্র কিংবা অবৈধ কাগজপত্র ও মোবাইল ফোন বা অবৈধ ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। সেজন্য কেন্দ্রে প্রবেশের সময় পরীক্ষার্থীদেরকে তল্লাশী করতে হবে। পুরুষ পরীক্ষার্থীদেরকে পুরুষ শিক্ষক এবং মহিলা পরীক্ষার্থীদেরকে মহিলা শিক্ষক কর্তৃক তল্লাশী করতে হবে।

**সিদ্ধান্ত ০২ : পরীক্ষা হলে পরীক্ষাবান্ধব পরিবেশ বজায় ও অনিয়ম প্রতিরোধ :**

২.১. উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব স্ব অধিক্ষেত্রাধীন পরীক্ষা কেন্দ্র সংশ্লিষ্টদের সমন্বয়ে সভা করে সুষ্ঠুভাবে ও সুচারুরূপে পরীক্ষা সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উপজেলা নির্বাহী অফিসারগণ এসএসসি পরীক্ষার ভিজিলেন্স টিম গঠন করে তার তালিকা জেলা প্রশাসনের নিকট দাখিল করবেন। জেলা পর্যায়ে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে ভিজিলেন্স টিম গঠন করা হলো। জেলা পর্যায়ে গঠিত ভিজিলেন্স টিমের সম্মানিত সদস্যবৃন্দ তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলার পরীক্ষা কেন্দ্রসমূহ সরেজমিনে পরিদর্শন করে সুষ্ঠু সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানে সহায়তা করবেন এবং কেন্দ্র সচিবকে প্রয়োজনীয় পরামর্শ দিবেন।

| টিম নং | সদস্যগণ | | সংশ্লিষ্ট উপজেলা |
|---|---|---|---|
| টিম নং-০১ | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খাগড়াছড়ি<br>২. জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি<br>৩. খাগড়াছড়ি সরকারি কলেজের ১ জন প্রতিনিধি | আহবায়ক<br>সদস্য<br>সদস্য | পানছড়ি এবং মাটিরাঙ্গা |
| টিম নং-০২ | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খাগড়াছড়ি<br>২. বিভাগীয় বন কর্মকর্তা, খাগড়াছড়ি<br>৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | আহবায়ক<br>সদস্য<br>সদস্য | খাগড়াছড়ি সদর, মহালছড়ি এবং দীঘিনালা |
| টিম নং-০৩ | ১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি<br>২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি<br>৩. খাগড়াছড়ি সরকারি কলেজের একজন প্রতিনিধি | আহবায়ক<br>সদস্য<br>সদস্য | গুইমারা এবং রামগড় |
| টিম নং-০৪ | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খাগড়াছড়ি<br>২, খাগড়াছড়ি সরকারি মহিলা কলেজের একজন প্রতিনিধি<br>৩. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, খাগড়াছড়ি | আহবায়ক<br>সদস্য<br>সদস্য | মানিকছড়ি এবং লক্ষীছড়ি |

২.২. পরীক্ষায় সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে পরীক্ষার্থীদের ৫/৬ ফুট বেঞ্চে ২ জন এবং ৪ ফুট বেঞ্চে একজনের আসন ব্যবস্থা করতে হবে। ০২ ( দুই ) টি বেঞ্চের মধ্যে যৌক্তিকভাবে দূরত্ব রাখতে হবে। আসন বসানোর ক্ষেত্রে Z পদ্ধতি অনুসরণ করতে হবে যেন একই শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা কাছাকাছি বসতে না পারে। তাছাড়া নৈর্ব্যক্তিক প্রশ্ন বিতরণের সময় ক, খ, গ সেট এমনভাবে বিতরণ করতে হবে যাতে একই সেট পরপর না পড়ে।

২.৩. পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থীর নিকট কোন অবৈধ কাগজপত্র বা ডিভাইস পাওয়া গেলে তাকে বহিস্কার করা হবে মর্মে আগাম নোটিশের মাধ্যমে সতর্ক করে দিতে হবে। পরীক্ষা কেন্দ্রের ফটকে এ বিষয়ে নোটিশ টাঙাতে হবে।

**সিদ্ধান্ত ০৩ : পরীক্ষা কেন্দ্রে আইন-শৃংখলা রক্ষা সংক্রান্ত:**

৩.১. সকল কেন্দ্রের ২০০ (দুইশত) গজের মধ্যে জনসাধারণের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ করতে হবে। জেলা সদরে এসএসসি, দাখিল ও এসএসসি(ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্র-এর ভেন্যুসমূহে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এবং সদর উপজেলা ব্যতীত অন্যান্য উপজেলার কেন্দ্র/ভেন্যুসমূহে উপজেলা নির্বাহী অফিসারগণ ফৌজদারি কার্যবিধির ১৪৪ ধারা জারির ব্যবস্থা নেবেন। জনসাধারণকে মাইকে ১৪৪ ধারা ঘোষণাকালে কেন্দ্রের নিকটবর্তী ফটোকপির মেশিন বন্ধ রাখার বিষয়টিও উল্লেখ করতে হবে। ঘোষণাপত্রের একটি কপি জেলা প্রশাসকের নিকট প্রেরণ করতে হবে।

৩.২. জেলার সকল কেন্দ্র/ভেন্যুতে আইন-শৃংখলা তদারকিসহ সার্বিক দায়িত্ব পালনের জন্য বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,খাগড়াছড়ির অনুমোদনক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট নিয়োগ করবেন।

৩.৩. পরীক্ষার দিন কেন্দ্রের চতুপার্শ্বে ২০০ (দুইশত) গজের মধ্যে কেন্দ্র সচিবগণ লাল পতাকা লাগানোর ব্যবস্থা নেবেন। কোনো কেন্দ্রে সীমানা প্রাচীর না থাকলে সর্বসাধারণের চলাচল রোধে বাঁশ বা এ জাতীয় কোন কিছুর মাধ্যমে প্রতিবন্ধক স্থাপন করে তাতে লাল পতাকা লাগাতে হবে।

৩.৪. আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কোন সদস্য পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবে না। কেন্দ্র সচিবগণ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

৩.৫. কেন্দ্র/ভেন্যুসমূহের পরীক্ষার দিন প্রয়োজনীয় পুলিশ ফোর্স এবং সাদা পোশাকের কিছু সংখ্যক পুলিশ নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, খাগড়াছড়ি-কে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত ০৪ : স্বাস্থ্য সংক্রান্ত :**

৪.১ পরীক্ষার দিন প্রতিটি কেন্দ্রে সার্বক্ষণিকভাবে মেডিকেল টিম প্রেরণের জন্য সিভিল সার্জন, খাগড়াছড়িকে অনুরোধ করা হয়।

৪.২ কোন পরীক্ষার্থী Sick Bed এ পরীক্ষা দিতে চাইলে তাকে সরকারী মেডিকেল অফিসারের সনদপত্র দিতে হবে এবং ঐ সনদে UHFPO/সিভিল সার্জনের প্রতিস্বাক্ষর থাকতে হবে। এ বিষয়টি জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পূর্বেই অবহিত করতে হবে। Sick Bed এর ক্ষেত্রে শিক্ষা বোর্ডের নির্দেশনা প্রতিপালন করতে হবে।

**সিদ্ধান্ত ০৫: নিয়ন্ত্রণ কক্ষ সংক্রান্ত :**

৫.১. প্রতি বছরের ন্যায় এ বছরও জেলা প্রশাসকের কার্যালয়ে পরীক্ষা সংক্রান্ত নিয়ন্ত্রণ কক্ষ খোলা হবে। উক্ত নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর-০৩৭১-৬২৫৪৫ । পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসারগণ তার উপজেলার পরীক্ষা সংক্রান্ত তথ্য এবং জেলা সদরে অবস্থিত কেন্দ্রের কেন্দ্র সচিবগণ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি জেলা নিয়ন্ত্রণ কক্ষে অথবা মোবাইল নম্বর-০১৫৫৭-১৯০৮৬ এবং ফ্যাক্স নম্বর- ০৩৭১-৬১৩২৮ নম্বরে তথ্য প্রেরণ নিশ্চিত করবেন। প্রয়োজনে পুলিশ বেতারের মাধ্যমে হলেও নিয়ন্ত্রণ কক্ষে তথ্য প্রেরণ নিশ্চিত করবেন।

**সিদ্ধান্ত ০৬ : বিবিধ :**

৬.১. কেন্দ্রে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে। বিকল্প আলোকদানের ব্যবস্থাও রাখতে হবে।

৬.২. পরীক্ষার হলে কর্তব্যরত শিক্ষকগণ পরীক্ষা পরিচালনার নিয়মাবলী যথাযথভাবে পালন করছেন কিনা সেদিকে কেন্দ্রের কেন্দ্র-সচিব ও হল সুপারগণ সতর্ক দৃষ্টি রাখবেন। কেউ অসদাচরণ বা বিধি বহির্ভূত কাজ করলে তাৎক্ষণিকভাবে তা জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের নিকট রিপোর্ট করতে হবে।

৬.৩. পরীক্ষা শুরু হওয়ার আধা ঘন্টা পর অতিরিক্ত প্রশ্নপত্র সকল কক্ষ হতে সংগ্রহ করে কেন্দ্র সচিব তার নিজ হেফাজতে সুরক্ষিত রাখবেন।

৬.৪. পরীক্ষা চলাকালীন কেন্দ্রের সন্নিকটস্থ ছাত্রাবাসে পরীক্ষার্থী ব্যতীত অন্য কোন ছাত্র/ছাত্রী বা কোন বহিরাগত লোকজন অবস্থান করতে পারবে না।

৬.৫. পরীক্ষা চলাকালীন সময়ে কেন্দ্রের পার্শ্ববর্তী সকল ফটোকপিয়ার মেশিন বন্ধ রাখতে হবে।

৬.৬. উপজেলা নির্বাহী অফিসারগণ/বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ প্রশ্নপত্র গ্রহণের পর থেকে পরীক্ষা শেষ না হওয়া অবধি প্রশ্নপত্রের কঠোর নিরাপত্তামূলক ব্যবস্থা নেবেন। প্রতি দিনের প্রশ্নপত্র বের করার সময় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং কেন্দ্র সচিব স্বয়ং উপস্থিত থাকবেন।

৬.৭. দৈনন্দিন প্রশ্নপত্র ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা সঠিকভাবে অনুসরণ করে থানার নিরাপদ হেফাজত থেকে প্রশ্নপত্রের ট্রাংক খোলা, প্রশ্নপত্রের প্যাকেট সরবরাহ এবং পুনরায় প্রশ্নপত্রের ট্রাংক সীলগালা করার বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও কেন্দ্র সচিবগণ নিজেরাই সুসম্পন্ন করবেন। অনুরূপ থানার অফিসার ইনচার্জকেও স্বয়ং উপস্থিত থেকে উক্ত কাজ সম্পাদনে সহযোগিতার নির্দেশ দানের জন্য পুলিশ সুপার, খাগড়াছড়ি- কে অনুরোধ জানানো হয়।

৬.৮. পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগের সুবিধার্থে পরীক্ষা কেন্দ্রের তালিকা, পরীক্ষার্থীর সংখ্যাসহ এবং ভেন্যুর তালিকা পুলিশ সুপার, খাগড়াছড়ি-কে প্রদান করা হবে।

৬.৯. সময়সূচী অনুযায়ী প্রতিদিন পরীক্ষা শেষ হওয়ার এক ঘন্টা পূর্ব হতে পরীক্ষা শেষ হবার পর সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড ও বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মহোদয়ের দপ্তরে পরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত না করা পর্যন্ত সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা এর তত্ত্বাবধানে নিয়ন্ত্রণ কক্ষে সার্বক্ষণিকভাবে ০২ (দুই) জন অফিস সহকারী এবং ০২ (দুই) জন চতুর্থ শ্রেণীর কর্মচারী দায়িত্ব পালন করবেন। ০২ (দুই) জন অফিস সহকারী এবং ০২ (দুই) জন চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাক্রমে- সহকারী কমিশনার, সংস্থাপন শাখা ও নেজারত ডেপুটি কালেক্টরকে অনুরোধ করা হয়। নিয়ন্ত্রণ কক্ষে নিয়োজিত কর্মচারীগণ সকল কেন্দ্র থেকে যথাসময়ে পরীক্ষার তথ্যাদি সংগ্রহ করে নির্ভুল প্রতিবেদন প্রেরণে সতর্ক থাকবেন।

৬.১০. যত দ্রুত সম্ভব উত্তরপত্র উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনারের উপস্থিতিতে সীলগালাকৃত প্যাকেট করে ডাকযোগে বা সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনামতে প্রক্রিয়া অনুসরণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৬.১১. সময়সূচী অনুযায়ী নির্ধারিত তারিখে অনুষ্ঠিত পরীক্ষার উত্তরপত্র পার্সেল গ্রহণের জন্য পোস্ট মাস্টারগণ প্রয়োজনে অতিরিক্ত সময় পোস্ট অফিস খোলা রাখার ব্যবস্থা নিবেন। লক্ষ্য রাখতে হবে যে, প্রতিটি প্যাকেটের ওজন ১০ কেজির বেশী যেন না হয়।

৬.১২. অনিবার্য কারণে নির্ধারিত তারিখের পরীক্ষা পরিবর্তিত হলে তা পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে এবং সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা সংশ্লিষ্ট সকলকে যত দ্রুত সম্ভব জানানোর ব্যবস্থা নিবেন।

৬.১৩. পরীক্ষার্থীদের বিদায়ী অনুষ্ঠানে/ প্রবেশ পত্র প্রদানের দিনে নকল বিরোধী মনোভাব তৈরী এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনামতে পরীক্ষা শুরুর আধা ঘন্টা পূর্বে পরীক্ষার হলে পরীক্ষার্থীদের প্রবেশ করতে হবে মর্মে বোর্ডের নির্দেশনার বিষয়ে অবহিত করার লক্ষ্যে ছাত্র-অভিভাবক সমন্বয়ে একটি ব্রিফিং সেশন করার জন্য সংশ্লিষ্ট প্রধান শিক্ষকগণকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে জেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

৬.১৪. বোর্ডের নির্ধারিত ফি অপেক্ষা পরীক্ষার্থীদের নিকট হতে কোন অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। অতিরিক্ত ব্যয়ের ক্ষেত্রে স্ব স্ব কেন্দ্রের কেন্দ্র সচিবগণ স্থানীয়ভাবে ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬.১৫. প্রশ্নপত্র থানার নিরাপদ হেফাজত হতে আনয়ন এবং কেন্দ্রে বিতরণের বেলায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও কেন্দ্র সচিব সতর্কতা অবলম্বন করবেন।

৬.১৬. কেন্দ্র সচিবের জন্য সংশ্লিষ্ট বোর্ড হতে প্রাপ্ত গোপনীয় খাম দ্রুত গতিতে কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করতে হবে।

৬.১৭. কেন্দ্র সচিবগণ পরীক্ষা কেন্দ্রে পানীয় জলের ব্যবস্থা নিশ্চিত করবেন।

৬.১৮. পরীক্ষা শুরুর কমপক্ষে আধা ঘন্টা পূর্বে প্রশ্নপত্র কেন্দ্রে পৌঁছানোর বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং কেন্দ্র সচিবগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬.১৯. পরীক্ষার কেন্দ্র কমিটিতে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্তির বিষয়ে কেন্দ্র সচিবগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬.২০. পরীক্ষা কাজে নিয়োজিত মেডিকেল টিমের সদস্যদের জন্য সম্মানীভাতা প্রদানের বিষয়ে কেন্দ্র সচিবগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬.২১. পরীক্ষার সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬.২২. বিজ্ঞান বিষয় নয় এমন বিষয়ে ব্যবহারিক আছে তার জন্য ৩৮৫/-টাকা এবং বিজ্ঞান বিষয়ের জন্য ৪১৫/-টাকা এবং অন্যান্যদের জন্য ৩০০/-টাকা হিসেবে চট্টগ্রাম শিক্ষা বোর্ড কতৃর্পক্ষ কতৃর্ক নিধার্রণ করা হয়েছে মর্মে সভায় উপস্থিত কেন্দ্র সচিবগণ

জানান। এর অতিরিক্ত অর্থ কোনভাবেই আদায় করা যাবে না।

৬.২৫. পরীক্ষা কেন্দ্রে কর্মরত অফিস সহায়ক কর্মচারীগণ যাতে অযাচিতভাবে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে না পারে সে বিষয়ে কেন্দ্র সচিবগণ সর্বোচ্চ সতর্ক দৃষ্টি দিবেন।

৬.২৬. কোন সেট প্রশ্ন দিয়ে পরীক্ষা গ্রহণ করা হবে নির্ধারিত তারিখে পরীক্ষা শুরুর পূর্বে সংশ্লিষ্ট বোর্ড হতে মোবাইল ফোনে SMS এর মাধ্যমে সে তথ্য প্রাপ্তির পর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি),খাগড়াছড়ি বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মোবাইল ফোনে SMS এর মাধ্যমে প্রশ্নপত্র বিতরণের জন্য দায়িত্বপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/ উপজেলা নির্বাহী অফিসার/কেন্দ্র সচিবগণকে জানানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রশ্নপত্রের কোডের তথ্য প্রাপ্তির পর এক্ষেত্রে ভুল এড়ানোর লক্ষ্যে প্রশ্নপত্র বিতরণের জন্য দায়িত্বপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/. উপজেলা নির্বাহী অফিসার ও কেন্দ্র সচিবগণ এ জেলাধীন অন্য উপজেলা বা কেন্দ্রের সাথে বিষয়টি পুনরায় যাচাই করে নেবেন।

৬.২৭. উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার স্বয়ং বা সহকারী কমিশনার(ভূমি) থানা হতে প্রশ্নপত্র গ্রহণ,পরীক্ষা কেন্দ্রে বিতরণ এবং পরীক্ষা কেন্দ্র তদারকিসহ সার্বিক দায়িত্ব পালন করবেন। সহকারী কমিশনার(ভূমি) পদায়ন না থাকলে বা দূরবর্তী একাধিক পরীক্ষা কেন্দ্র থাকলে উপজেলা নির্বাহী অফিসার কেন্দ্র ভিত্তিক ০১(এক) জন করে যোগ্য কর্মকর্তাকে কেন্দ্রে প্রশ্ন বিতরণ ও কেন্দ্র তদারকির দায়িত্ব দিতে পারবেন। তবে থানা হতে প্রশ্নপত্র গ্রহণ এবং উক্ত কর্মকর্তাগণের নিকট হস্তান্তর স্বয়ং উপজেলা নির্বাহী অফিসার বা সহকারী কমিশনার (ভূমি) নিজে সম্পন্ন করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক আসন্ন এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মো. শহিদুল ইসলাম )
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
ফোন (০৩৭১) ৬১৮১১, ফ্যাক্স-০৩৭১-৬১৩২৮
E-mail :dckhagrachari@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৪৬০০.০০৭.০৬.০০২.১৭- ৬৯ (৭০) তারিখ: ১৭ /০১/২০১৯ খ্রি.।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। চেয়ারম্যান,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। পুলিশ সুপার, খাগড়াছড়ি।
৮। সিভিল সার্জন, খাগড়াছড়ি।
৯। অধ্যক্ষ, খাগড়াছড়ি সরকারি কলেজ/খাগড়াছড়ি সরকারি মহিলা কলেজ। **ভিজিলেন্স টিমে প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ।**
১০। উপপরিচালক,স্থানীয় সরকার,খাগড়াছড়ি
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খাগড়াছড়ি।
১২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩। বিভাগীয় বন কর্মকর্তা,খাগড়াছড়ি ।
১৪। নেজারত ডেপুটি কালেক্টর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫। উপপরিচালক,সমাজসেবা অধিদপ্তর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৬। সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা,....................................................... শাখা, এ অফিস।
১৭। জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি।

১৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৯। ..............................................................................................................................,খাগড়াছড়ি।
২০। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার/ কেন্দ্র সচিব,......................................উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, ........................
খাগড়াছড়ি। এসএসসি/দাখিল/এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা' ২০১৮ কেন্দ্র।
২১। সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, এ অফিস।
২২। অফিসার ইনচার্জ, খাগড়াছড়ি সদর/দীঘিনালা/পানছড়ি/মহালছড়ি/মাটিরাঙ্গা/গুইমারা/রামগড়/মানিকছড়ি/লক্ষ্মীছড়ি থানা, খাগড়াছড়ি।
২৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাগড়াছড়ি পুলিশ বেতার, খাগড়াছড়ি।
২৪। পোস্ট মাস্টার, খাগড়াছড়ি প্রধান ডাকঘর, খাগড়াছড়ি।
২৫। জেলা প্রশাসক,খাগড়াছড়ি পার্বত্য জেলা মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর গোপনীয় সহকারী।
২৬। জনাব/মিজ.....................................................................................................................

২৭/০১/১৯

( শ্যামানন্দ কুন্ডু )
সহকারী কমিশনার
শিক্ষা ও কল্যাণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন-০৩৭১-৬২৫৪৫(অফিস)

পরিশিষ্ট -" ক "

খাগড়াছড়ি পার্বত্য জেলার ২০১৯ সালের এসএসসি,দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা পরিচালনা সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভার তারিখ- ১৩ জানুয়ারি ২০১৯ খ্রি. বেলা-১২.৩০ ঘটিকা

| ক্র:নং | নাম | পদবী ও ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব খন্দকার গোলাম শাহনেওয়াজ | সহকারী পুলিশ সুপার ,ডি,এম,বি এর পক্ষে |
| ২ | জনাব মুহাম্মদ আবুল হাশেম | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খাগড়াছড়ি |
| ৩ | জনাব খান মো: নাজমুস শোয়েব | উপজেলা নির্বাহী অফিসার, সদর খাগড়াছড়ি |
| ৪ | জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম | উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি |
| ৫ | জনাব তামান্না নাসরীন উর্মি | উপজেলা নির্বাহী অফিসার, মহালছড়ি |
| ৬ | জনাব বিভীষন কান্তি দাশ | উপজেলা নির্বাহী অফিসার, মাটিরাংগা |
| ৭ | জনাব পঙ্কজ বড়ুয়া | উপজেলা নির্বাহী অফিসার, গুইমারা |
| ৮ | জনাব উম্মে ইসরাত | উপজেলা নির্বাহী অফিসার, রামগড় |
| ৯ | জনাব তামান্না মাহমুদ | উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি |
| ১০ | জনাব জাহিদ ইকবাল | উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীছড়ি |
| ১১ | জনাব শ্যামানন্দ কুন্ডু | সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, জেঃ প্রঃ কার্যালয়, খাগড়াছড়ি |
| ১২ | জনাব সাধন কুমার চাকমা | জেলা শিক্ষা অফিসার,খাগড়াছড়ি |
| ১৩ | জনাব দীলিপ কুমার দেব | প্রধান শিক্ষক, রানী নীহার দেবী সরকারি উচ্চ বিদ্যালয়, মানিকছড়ি, |
| ১৪ | জনাব মো: সাইফুল ইসলাম | অধ্যক্ষ, তবলছড়ি ইসলামিয়া আলিম মাদ্রাসা, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি |
| ১৫ | জনাব আবদুল কাদের | প্রধান শিক্ষক,(ভা: ) রামগড় সরকারি উচ্চ বিদ্যালয়, রামগড়, খাগড়াছড়ি |
| ১৬ | জনাব মো: আসলাম উদ্দিন | সুপার, ছোটমেরুং আশ্রাফিয়া দাখিল মাদ্রাসা, দীঘিনালা, খাগড়াছড়ি |
| ১৭ | জনাব মো. মোখলেছুর রহমান | প্রধান শিক্ষক, ছোটমেরুং উচ্চ বিদ্যলয়, দীঘিনালা, খাগড়াছড়ি |
| ১৮ | জনাব সুশীল রঞ্জন পাল | প্রধান শিক্ষক,গুইমারা সরকারি মডেল উচ্চ বিদ্যালয়,গুইমারা, খাগড়াছড়ি |
| ১৯ | উৎপল কান্তি চাকমা | প্রধান শিক্ষক,পানছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়,পানছড়ি,খাগড়াছড়ি |
| ২০ | জনাব শান্তি ময় চাকমা | প্রধান শিক্ষক,পুজগাংমুখ উচ্চ বিদ্যালয়,পানছড়ি,খাগড়াছড়ি |
| ২১ | জনাব অলি আহম্মদ | প্রধান শিক্ষক,পানছড়ি বাজার উচ্চ বিদ্যালয় |
| ২২ | জনাব সুর রঞ্জন চাকমা | প্রধান শিক্ষক,বাবুছড়া উচ্চ বিদ্যালয়,দীঘিনালা,খাগড়াছড়ি |
| ২৩ | জনাব নিপুল বিকাশ খীসা | প্রধান শিক্ষক, মহালছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়,মহালছড়ি,খাগড়াছড়ি |
| ২৪ | জনাব আশরাফ উদ্দিন খন্দকার | প্রধান শিক্ষক, মাটিরাঙ্গা সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি |

| | | |
|---|---|---|
| ২৫ | কাজী মো. সলিম উল্লাহ | অধ্যক্ষ, মাটিরাঙ্গা ইসলামিয়া আলিম মাদ্রাসা, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি |
| ২৬ | জনাব মো: আবুল হাসেম | প্রধান শিক্ষক, মাটিরাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয়, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি |
| ২৭ | জনাব মো: নুরুলহুদা | প্রধান শিক্ষক, গোমতি বি,কে,উচ্চ বিদ্যালয়, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি |
| ২৮ | জনাব মো: আবু বক্কর ছিদ্দিক | প্রধান শিক্ষক, লক্ষ্মীছড়ি উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি |
| ২৯ | জনাব শ্যামল মিত্র চাকমা | প্রধান শিক্ষক, মুনিগ্রাম উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি |
| ৩০ | জনাব অনুপ চন্দ্র দাস | সহকারী শিক্ষক, দীঘিনালা সরকারি উচ্চ বিদ্যালয়, দীঘিনালা, খাগড়াছড়ি |
| ৩১ | মিজ শ্রীলা তালুকদার | প্রধান শিক্ষক, খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়,খাগড়াছড়ি |
| ৩২ | জনাব মো: গোলাম মোস্তফা | অধ্যক্ষ, খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, খাগড়াছড়ি |
| ৩৩ | জনাব আশা পূর্ণ চাকমা | প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত),খাগড়াছড়ি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, |
| ৩৪ | জনাব আবুল কাশেম | অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), পানছড়ি ইসলামিয়া মাদরাসা,পানছড়ি, খাগড়াছড়ি |
| ৩৫ | জনাব মুহাম্মদ বেলাল উদ্দিন | সুপার, দক্ষিণ চেংগুছড়া নেছারিয়া ইসলামিয়া দাখিল |
| ৩৬ | জনাব মোহাম্মদ সোহেল হোসেন | অধ্যক্ষ(ভারপ্রাপ্ত),কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গোলাবাড়ী, খাগড়াছড়ি |
| ৩৭ | জনাব মুহাম্মদ মহিউদ্দিন | অধ্যক্ষ, খাগড়াছড়ি ইসলামিয়া সিনিয়র আলিম মাদ্রাসা, খাগড়াছড়ি |
| ৩৮ | জনাব মুহাম্মদ জসিম উদ্দিন | শিক্ষক, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট,শালবন,খাগড়াছড়ি |
| ৩৯ | জনাব মোহাম্মদ আবদুল হাই নিজামী | সহকারী অধ্যাপক, রামগড় গণিয়াতুল উলুম আলিম মাদ্রাসা, রামগড়, |
| ৪০ | জনাব করুণাময় চাকমা | প্রধান শিক্ষক, মাইসছড়ি উচ্চ বিদ্যালয়, মহালছড়ি খাগড়াছড়ি |
| ৪১ | জনাব মো. আবদুল হক | প্রধান শিক্ষক, তবলছড়ি কদমতলী উচ্চ বিদ্যালয়, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি |
| ৪২ | জনাব মোহাম্মদ মোস্তফা কামাল | প্রধান শিক্ষক, শান্তিপুর উচ্চ বিদ্যালয়, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি |
| ৪৩ | জনাব কানেজী চাকমা | প্রধান শিক্ষক, ঠাকুরছড়া উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি |
| ৪৪ | মো: জয়নুল আবেদীন | সুপার, গুইমারা ইবতেদার দাখিল মাদ্রাসা,গুইমারা, খাগড়াছড়ি |
| ৪৫ | মো: কাউছার আলী | সি:শি ক্যান:পা: স্কুল এন্ড কলেজ,খাগড়াছড়ি |